

## গীতাঞ্জলি

১৭

অমন আড়াল দিয়ে লুকিয়ে গেলে  
চলবে না ।  
এবার হৃদয় মাঝে লুকিয়ে বোসো  
কেউ জানবে না কেউ বলবে না ।  
বিশ্বে তোমার লুকোচুরি,  
দেশ বিদেশে কতই ঘুরি,  
এবার বল আমার মনের কোণে  
দেবে ধরা, চলবে না ।  
আড়াল দিয়ে লুকিয়ে গেলে  
চলবে না ।

## গীতাঞ্জলি

জানি আমার কঠিন হৃদয়  
চরণ রাখার যোগ্য সে নয়,  
সখা তোমার হাওয়া লাগলে হিয়ায়  
তবু কি প্রাণ গলবে না ?  
না হয় আমার নাই সাধনা ;  
ঝরলে তোমার রূপার কণা  
তখন নিমেষে কি ফুটবে না ফুল  
চকিতে ফল ফলবে না ?  
আড়াল দিয়ে লুকিয়ে গেলে  
চলবে না ॥

১১ই ভাদ্র, ১৩১৬ ।